নবজাতক ও ডেঙ্গু রোগীদের পাশে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে মেহেরপুর জেনারেল হাসপাতালে শিশু ও ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাঝে খাবার ও পোশাক বিতরণ করেছে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ।

বৃহস্পতিবার ২৮ সেপ্টেম্বর দুপুরে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীদের উদ্যোগে ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ড বর্ণিল ভাবে সাজানো হয়।

অতঃপর শিশু ওয়ার্ডে নবজাতক ও চিকিৎসাধীন শিশুদের মধ্যে পোশাক এবং খাবার বিতরণ করে নেতাকর্মীরা হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে যেয়ে ডেঙ্গু আক্রান্ত রোগীদের খোঁজ খবর নেয় ও তাদের মধ্যে ফলমূল বিতরণ করে।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সহ-সভাপতি সোয়েব রহমান, সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক সানোয়ার হোসেন সহ হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সদস্য রাহিনুজ্জামান পলেন উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সার্কিট হাউজ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ ওবাইদুর রহমান চৌধুরী জিপু সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

শুরুতে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। আলোচন সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কারী শান্তি রহমান। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে উদ্বোধক হিসেবে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু। এ সময় তিনি বলেন, আমরা সারা বাংলাদেশ কে সেচ্ছাসেবক লীগকে একটি মডেল হিসেবে দাড় করাতে চাই। আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগ মাঠ পর্যায়ে কাজ করে আবারো নৌকাকে বিজয় করবে।এ সময় তিনি সম্মেলন সফল করার জন্য সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান।

প্রধান অতিথির বক্তব্যে প্রদান করেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, স্বাধীনতাবিরোধী শক্তি কখনোই ক্ষমতায় আসতে পারবে না। এদেশের জনগণ বুঝে গেছে কারা স্বাধীনতার পক্ষে আর কারা বিপক্ষে। বিএনপি এদেশে ভোট ডাকাতির নজির স্থাপন করেছে! জিয়াউর রহমান হ্যাঁ না ভোট করেছে, খালেদা জিয়া ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারী নির্বাচন করে জনগনের ভোটাধিকার হরণ করছে! বিএনপি ভোট ডাকাতি করে দেশে বিদেশে ভোট ডাকাত হিসেবে চিহ্নিত হয়েছে! মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ এদেশের মানুষের ভোট ও ভাতের অধিকার ফিরিয়ে দিয়েছেন। আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে যদি বিএনপি আবারও ভোট বান চালের চেষ্টা করে তাহলে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সকল নেতাকর্মীকে তা শক্ত হাতে প্রতিহত করার জন্য তিনি আহ্বান জানান।

বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক এ কে এম আফজালুর রহমান বাবু বলেন, বাংলাদেশের ৪ বারের সফল প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য তনয়া জননেত্রী শেখ হাসিনা জনগনের সেবক! শাসক নয়! সেবার মধ্য দিয়ে তিনি জনগণের হৃদয়ে জায়গা করে নিয়েছেন। জনপ্রিয়তা দিয়েই আগামী নির্বাচনে বিপুল ভোটের মাধ্যমে নৌকা জয় লাভ করবে।

বিশেষ অতিথি বক্তব্য বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি